

News Diganta Barta

সর্বদা সবার সাথে

মথুরাপুর এ বিনামূল্যের অক্সিজেন পার্কার পরিষেবা।



May 10, 2021



রাখি ঘোষ (নিউজ দিগন্ত বার্তা), মথুরাপুর :- কোরোনা যেন আমাদের সভ্যতার চরম সংকট ডেকে এনেছে। বর্তমানে কোভিড পরীক্ষায় গড়ে প্রতি তিনজনে এক জন আক্রান্ত। গ্রামবাংলা ও ছাড় পাচ্ছে না। জার্মান কনসুলেট ও মুক্তির সহযোগিতা নিয়ে এদিন রায়দিঘি বিধানসভার কৃষ্ণচন্দ্রপুর গ্রাম পঞ্চায়েতের অধীন, ডক্টর প্রভাত মেমোরিয়াল সোসাইটির মায়া ভবনে শুরু হলো অক্সিজেন পার্কার দিয়ে বিনা মূল্যে প্রয়োজনীয় ঔষধ ও অক্সিমিটার দিয়ে চিকিৎসা পরিষেবা। ঐ পার্কারের শুভ উদ্বোধন করেন রায়দিঘি বিধানসভার নবনির্বাচিত বিধায়ক ডা: অলক জলদাতা। উপস্থিত ছিলেন মথুরাপুর-১ সমষ্টি উন্নয়ন আধিকারিক শ্রী তারশঙ্কর প্রামাণিক, ড: প্রভাত মেমোরিয়াল সোসাইটির সম্পাদক এবং কৃষ্ণচন্দ্রপুর হাই স্কুলের প্রধান শিক্ষক শ্রী চন্দন কুমার মাইতি ও বিশিষ্ট সমাজসেবী বাপি হালদার সহ সমাজের বিভিন্ন বিশিষ্ট ব্যক্তিবর্গ।



সংস্থার পক্ষ থেকে জানানো হয়, আজ দুটি বেড ও দুটি অক্সিজেন কনসেন্ট্রেট দিয়ে পথ চলা শুরু হল। ২৪ ঘণ্টা ঐ পরিষেবা পাওয়া যাবে। এবং মুক্তির পক্ষ থেকে আগামীদিনে সারা সুন্দরবন জুড়ে এই কাজ চালিয়ে যাবে কৃষ্ণচন্দ্রপুর হাইস্কুল এবং তৎসংলগ্ন ছাত্রাবাস এবং ছাত্রী নিবাসে আইসোলেশন সেন্টার কাম সেফ হোম তৈরি করার উদ্যোগও নেওয়া হচ্ছে।


[krishnachandrapur](#)
[mathurapur](#)
[oxygen parlour](#)


Enter your comment...

Popular posts from this blog

সাংবাদিক বৈঠকে মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় যা বললেন।

May 05, 2021



☞ এখনই পূর্ণাঙ্গ লকডাউনের পথে নয় রাজ্য। ☞ আগামীকাল থেকে সমস্ত লোকাল ট্রেন বন্ধ থাকবে। ☞ সরকারি পরিবহণ, মেট্রো চলবে ৫০ শতাংশ। ☞